# গেঁয়ো ইঁদুর আর শহুরে ইঁদুর



(ঈশপের গল্প)

এক গ্রামে এক ইঁদুর বাস করত । তার বন্ধু বাস করত দূরের এক শহরে । একদিন সেই শহুরে বন্ধুটি গ্রামে বেড়াতে এল । শহুরে বন্ধুকে কাছে পেয়ে গেঁয়ো ইঁদুর খুব খুশি হল । সে শহুরে ইঁদুরকে গাঁয়ের মাঠঘাট বনজঙ্গল আর খেতখামার দেখাল; নিজের ঘরবাড়ি দেখাল ।

দুপুরে খেতে বসে গেঁয়ো ইঁদুর বলল, "কী খাবে বলো ? গ্রামে যা যা পাওয়া যায়, সবই আমার ঘরে আছে । এই বলে সে তার বন্ধুকে কিছু শুকনো ফলমুল আর ধান-গম-যব খেতে দিল। এসব খাবার শহুরে ইঁদুরের পছন্দ নয় । তাই সে খেতে খেতে বলল, "সত্যি কথা বলতে কী পাড়াগাঁয়ে

তোমাদের খাওয়া-দাওয়া একেবারে সেকেলে । এসব শুকনো খাবার আজকাল শহরে কেউ খায় না। তাছাড়া এভাবে মাটিতে বসাও আমার অভ্যেস নেই । শহরে এসো— দেখবে খাওয়া কাকে বলে !"

> **পড়ে কী বুঝলে ?**
> 1. শহুরে ইঁদুর কোথায় বেড়াতে গিয়েছিল ?
> 2. গেঁয়ো ইঁদুর শহুরে ইঁদুরকে কী দেখাতে নিয়ে গেলো ?
> 3. গেঁয়ো ইঁদুর শহুরে ইঁদুরকে দুপুরে কী খেতে দিলো ?
> 4. সারাদিন দুই ইঁদুর মিলে কী করলো ?

একদিন গেঁয়ো ইঁদুর শহরে গেল । সেখানে তার বন্ধু একটা বড় বাড়িতে বাস করে । গেঁয়ো ইঁদুর গিয়ে শহুরে ইঁদুরের সেই বাড়িতে হাজির হল । বন্ধুকে পেয়ে শহুরে ইঁদুরের খুব আনন্দ হল। সারাদিন তারা দুজনে গল্প করে কাটাল ।

রাতে শহুরে ইঁদুর তার বন্ধুকে নিয়ে একটা খাবার ঘরে এল । এখানে কিছু আগেই বাড়ির লোকেরা লুচি-মাংস, পোলাও-কাবাব খেয়ে গেছে । তারই উচ্ছিষ্ট অনেক পড়ে রয়েছে । শহুরে ইঁদুর এসব সুখাদ্য যোগাড় করে গেঁয়ো ইঁদুরকে নিয়ে খেতে বসল । গেঁয়ো ইঁদুর অবাক হয়ে বলল, "এরকম রাজভোগ তুমি রোজ খাও নাকি !" শহুরে ইঁদুর বলল, "রোজ, কোনও কোনও দিন দই-মিষ্টিও খাই !"

> **পড়ে কী বুঝলে ?**
> 1. রাতে শহুরে ইঁদুরে তার বন্ধুকে কোথায় নিয়ে গেলো ?
> 2. খাবার ঘরে কে ঢুকলো ?
> 3. গেঁয়ো ইঁদুর ভয়ে কোথায় লুকালো ?
> 4. ভয়ে ভয়ে রাজভোগ খাওয়ার চেয়ে শান্তিতে কী খাওয়া ভালো ?

এমন সময় খাবার ঘরে ঢুকল এক বাঘা কুকুর । কুকুর দেখে শহুরে ইঁদুর খাবার ফেলে দে ছুট! গেঁয়ো ইঁদুরও ভয়ে একটা নর্দমার মধ্যে ঢুকে পড়ল । কুকুর চলে গেলে দুই বন্ধু গর্ত থেকে বেরিয়ে এল । তখন গেঁয়ো ইঁদুর বলল শহুরে ইঁদুরকে, "গ্রামে আমরা শুকনো খাবার খাই বটে, তবে তোমাদের মতো মুখের খাবার ফেলে দিয়ে আমাদের পালাতে হয় না।"

এই বলে সে সেই রাতেই গ্রামে ফিরে এল ।



*ভয়ে ভয়ে রাজভোগ খাওয়ার চেয়ে শান্তিতে শাক-ভাত খাওয়াও ভালো ।*

জেনে রাখো ঃ

**পছন্দ** — মনের মতো

**সু-খাদ্য** — ভালো খাবার

**সেকেলে** — পুরাতন

**বাঘা** — বাঘের মতো রাগী

**উচ্ছিষ্ঠ** — এঁটো

## পাঠবোধ

**খালি জায়গায় সঠিক উত্তরটি লেখো ঃ**

1. **'গেঁয়ো ইঁদুর আর শহুরে ইঁদুর' গল্পটি ..............................থেকে নেওয়া হয়েছে ।**
   (ঈশপেরগল্প / জাতকের গল্প)
2. **এক গ্রামে এক ........................................................................ বাস করতো ।**
   (ইঁদুর / কুকুর)
3. **গেঁয়ো ইঁদুরের এক ........................................... বাস করতো দূরের এক শহরে ।**
   (শত্রু / বন্ধু)
4. **গেঁয়ো ইঁদুর তার বন্ধুকে শুকনো ................................................ খেতে দিলো ।**
   (গাছপালা, ফলমূল)
5. **কুকুর চলে গেলে দুই বন্ধু ........................................................ থেকে বেরোয় ।**
   (গর্ত থেকে, নালা থেকে)

**ঠিক উত্তরে (√) চিহ্ন আর ভুল (X) চিহ্ন দাও ঃ**

6. এক গ্রামে এক ইঁদুর বাস করতো । ☐
7. গেঁয়ো ইঁদুর তার বন্ধুকে চপ - কাটলেট খেতে দিলো । ☐
8. এসব, শুকনো খাবার আজকাল শহরে সবাই পছন্দ করে । ☐
9. বন্ধুকে পেয়ে শহরের ইঁদুর খুব খুশী হলো । ☐
10. এমন সময় খাবার ঘরে ঢুকলো একটা বাঁদর । ☐

**উত্তর দাও ঃ**

11. গেঁয়ো ইঁদুর শহুরে ইঁদুরকে কী খেতে দিলো ?
12. গেঁয়ো ইঁদুরের দেওয়া খাওয়া দেখে শহুরে ইঁদুর কী বলেছিলো ?
13. শহুরে ইঁদুর গেঁয়ো ইঁদুরকে খাওয়াবার জন্য কোথায় নিয়ে এলো ?
14. শহুরে ইঁদুর গেঁয়ো ইঁদুরকে কী খেতে দিলো ?
15. ইঁদুরেরা খাবার ফেলে কেন পালালো ?
16. গেঁয়ো ইঁদুর সে রাতেই কোথায় ফিরে গেলো ?
17. **বিপরীত শব্দ লেখো ঃ**

গ্রাম —

বন্ধু —

দূরে —

শহুরে —

রাত —

শুকনো —

সত্যি —

অভ্যাস —

আনন্দ —

ভয় —

18. **শুদ্ধ বানানটিতে (√) চিহ্ন**

ইঁদুর / ইঁদূর

দুপুর / দুপূর

ফলমুল / ফলমূল

লুচী / লুচি

মিষ্টী / মিষ্টি

19. **নিচে দেওয়া শব্দগুলি দিয়ে বাক্য বানাও ঃ**

দুপুর —

ইঁদুর —

হাজির —

গল্প —

রাজভোগ —